রেজিস্টার্ড নং ডিএ-১

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ২২, ২০২৬

৬ষ্ঠ খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩/১৬ সেপ্টেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

নং ০৪.০১.০০০০.১০৪.৭৩.০০২.২৫.৩৬০৭৫—দুর্নীতি দমন কমিশনের কর্মরত নিম্নোক্ত কর্মচারীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডে অর্থাৎ ১৬,০০০-৩৮,৬৪০ টাকার বেতনস্কেলে 'উপসহকারী পরিচালক' পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রমিক	কর্মচারীর নাম ও বর্তমান কর্মস্থল	বর্তমান পদ	পদোন্নতি প্রাপ্ত পদ
১.	জনাব গিয়াস মোল্লা, পি-এসিসি ১৪৮৭১৩০৫৩৮, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	উপসহকারী পরিচালক
২.	জনাব মোঃ ফরহাদ হোসেন, পি-এসিসি ১৩৮৮১৯০৫৩৯, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	উপসহকারী পরিচালক
৩.	জনাব রূপল সাহা, পি-এসিসি ১৩৮৯১৯০৫৪০, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	উপসহকারী পরিচালক

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ নাজমুল হাসান
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩৩/২২ সেপ্টেম্বর ২০২৬

নং ০৪.০১.০০০০.১০৪.৭৩.০০২.২৫.৩৭২১৭—দুর্নীতি দমন কমিশনের কোর্ট পরিদর্শক (গ্রেড-১০) পদে কর্মরত নিম্নোক্ত কর্মচারীগণকে 'সহকারী পরিচালক' (গ্রেড-৯) পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রমিক	কর্মচারীর নাম ও বর্তমান কর্মস্থল	বর্তমান পদ	পদোন্নতি প্রাপ্ত পদ
১.	জনাব মোঃ সাইফুল ইসলাম, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	কোর্ট পরিদর্শক	সহকারী পরিচালক
২.	জনাব মোঃ শফিকুল ইসলাম, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	কোর্ট পরিদর্শক	সহকারী পরিচালক
৩.	জনাব মোঃ জাহিদুল ইসলাম, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, বগুড়া	কোর্ট পরিদর্শক	সহকারী পরিচালক
৪.	জনাব আমির হোসেন, দুর্নীতি দমন কমিশন, ঢাকা-১, সংযুক্ত ঢাকা কোর্ট, প্রসিকিউশন শাখা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা	কোর্ট পরিদর্শক	সহকারী পরিচালক
৫.	জনাব মোঃ হোসেন আলী, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রংপুর	কোর্ট পরিদর্শক	সহকারী পরিচালক
৬.	জনাব মোঃ জাহিদুল ইসলাম, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহী	কোর্ট পরিদর্শক	সহকারী পরিচালক

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে উক্ত জারীকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মো: মহিউদ্দিন জাহাঙ্গীর
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

বাংলাদেশ পুলিশ
আর্মড পুলিশ ব্যাটালিয়ন হেডকোয়ার্টার্স

বিজ্ঞপ্তি

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং এপিবি.হে.কো/রেকর্ড-২০২৬/৮২৭১—জনাব মোঃ ছানোয়ার হোসেন, বিপি-৬৭৯৩০০৬২৪৫, সহকারী পুলিশ সুপার, এপিবিএন হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা এর জন্ম তারিখ-৩০-০৯-১৯৬৭ অনুযায়ী ২৯-০৯-২০২৬ তারিখে বয়স ৫৯ বছর পূর্ণ হওয়া সাপেক্ষে তাঁর আবেদনের প্রেক্ষিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ-১ শাখার প্রজ্ঞাপন নং-৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৩.০০৩৫.২১.৮১৪, তারিখ-০৮/০৯/২০২৬ ও পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০১১.০৮. ০৪০.৪০৩.২৬-৩৮৭৩/১(১২), তারিখ-১৩-০৯-২০২৬ মূলে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ২৯-০৯-২০২৬ তারিখে তাকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়েছে।

২। তাঁর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ আগামী ৩০-০৯-২০২৬ হতে ২৯-০৯-২০২৭ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হয়েছে।

৩। তিনি বিধি মোতাবেক অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

মোঃ স্নিগ্ধ আখতার, পিপিএম
পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)।

খাদ্য অধিদপ্তর
তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ

প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৬

নং ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৩৬.২৪.৮৭৫—যেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, বর্তমানে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া দপ্তরে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) হিসেবে গত ১১-০৯-২০২৩ খ্রি. হতে ০৬-১২-২০২৫ খ্রি. পর্যন্ত কর্মরত ছিলেন। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া দপ্তরে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) হিসাবে যোগদানের পর হতে বিনা অনুমতিতে তিনি বিভিন্ন সময় কর্মস্থলে অনুপস্থিত থাকেন। কর্মস্থলে দেরিতে উপস্থিত হন ও অফিস সময়ের পূর্বেই অফিস ত্যাগ করেন। এ বিষয়ে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া তাকে একাধিকবার ব্যাখ্যা তলব করলে তিনি উক্ত ব্যাখ্যা তলব এর জবাব দাখিল না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অবমাননা করেন; এবং

যেহেতু, আমন সংগ্রহ/২০২৩-২০২৪ মৌসুমে সংগৃহীত ধান ও চালের মান যাচাইকরণ, এলএসডি পরিদর্শন, মজুদ খাদ্যশস্যের গুণগত মান বজায় রাখাসহ তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেননি; এবং

যেহেতু, জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া খাদ্যশস্যের ঊর্ধ্বগতি রোধে অবৈধ মজুদ বিরোধী অভিযানে দায়িত্ব পালন করেননি। তার এহেন কর্মকাণ্ডে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া তথা খাদ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুন্ন হয়, যা অসদাচরণ এর শামিল; এবং

যেহেতু, তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভেড়ামারা, কুষ্টিয়া থাকাকালীন বিলম্বে কর্মস্থলে উপস্থিতি, যথাযথ ভাবে দায়িত্ব পালন না করা সংক্রান্ত অভিযোগে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ অন্যত্র বদলির জন্য পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা বরাবর সুপারিশ করেন; এবং

যেহেতু, উপর্যুক্ত কারণে অত্র দপ্তরের ০২-০৬-২০২৫ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৩৬.২৪.৬৩০ নং স্মারকে জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া ও প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), কুষ্টিয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা আনয়ন করা হয়। গত ২৯-০৬-২০২৫ খ্রি. তিনি ব্যক্তিগত শুনানি প্রদানের ইচ্ছাপোষণ করে বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন। তৎপ্রেক্ষিতে গত ১২-০৮-২০২৫ খ্রি. তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানি অন্তে অভিযোগসমূহের তদন্তের প্রয়োজন রয়েছে মর্মে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোঃ সেফাউর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত করে মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়,

(ক) জনাব মোঃ হাফিজুর রহমান, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া তার একমাত্র কন্যার উচ্চ শিক্ষার জন্য অফিস প্রধানের মৌখিক অনুমতি সাপেক্ষে রাজশাহী জেলার রেটিনা মেডিকেল কোচিংয়ে ভর্তির জন্য কিছু দিনের জন্য সপরিবারে রাজশাহীতে থাকার কারণে, বৃহস্পতিবারে রাজশাহীর উদ্দেশ্যে গমন করে রবিবারে অফিসে আসতেন। প্রতি সপ্তাহে কুষ্টিয়া থেকে রাজশাহীতে আসা-যাওয়ার সময় অনিচ্ছাসত্ত্বেও অপ্রত্যাশিত নানা কারণে অফিসে পৌঁছাতে দেরি হওয়ার জন্য ব্যাখ্যা তলবের জবাবে ক্ষমা প্রার্থনা করেছেন। অভিযুক্ত তার ব্যাখ্যা তলবের প্রথম পত্রটি না পাওয়ার কারণে জবাব দাখিল করাতে পারেননি। তবে পরবর্তীতে তিনি ১৮-০২-২০২৪ খ্রি. তারিখের ১৯৭ নং স্মারকে দ্বিতীয় ব্যাখ্যা তলবের জবাব নির্দিষ্ট সময়ে প্রমাণকসহ প্রদান করেন এবং প্রথম ব্যাখ্যার জবাব কেন দিতে পারেননি সেটাও এই জবাবে উল্লেখ করেন। এছাড়া উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), কুষ্টিয়া ছাড়াও মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রায়শঃ তাকে কুষ্টিয়া, মেহেরপুর এবং চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন এলএসডি পরিদর্শনে থাকার কারণে জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া অফিসে বিলম্বে উপস্থিত কিংবা কম উপস্থিত থাকতে হতো। অর্থাৎ সরকারি কাজের স্বার্থেই তাকে অন্যত্র অবস্থান করতে হতো।

(খ) আমন ২০২৩-২৪ মৌসুমে জনাব মোঃ হাফিজুর রহমান প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), কুষ্টিয়া হিসেবে একদিকে নতুন পদায়ন ছিলেন অপরপক্ষে কুষ্টিয়া জেলার ছাড়াও মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত দায়িত্বে ছিলেন। এতদসত্ত্বেও কষ্টকর হলেও উক্ত মৌসুমের সংগৃহীত খাদ্য শস্যের গুণগত মান যাচাই ও ভৌত বিশ্লেষণ রিপোর্ট প্রদান করেছেন এবং উক্ত মৌসুমে সংগৃহীত ধান ও চালের গুণগত মান নিয়ে কোনো প্রকার অভিযোগ উত্থাপিত হয়নি অর্থাৎ এ বিষয়ে তিনি তার দায়িত্ব কর্তব্য যথাযথভাবে পালন করেছেন মর্মে প্রতীয়মান হয়।

(গ) জনাব মোঃ হাফিজুর রহমান, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়াকে যখন ব্যাখ্যা তলব করা হয়েছিল তখন মজুত বিরোধী অভিযানে অংশগ্রহণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক তাকে কোনো আদেশই প্রদান করা হয়নি। ব্যাখ্যা তলবের ০১(এক) মাস পরে মজুত মনিটরিংয়ের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়ার ০৪-০৩-২০২৪ তারিখের ৯৯/১(২০) নং স্মারকে ১১টি মনিটরিং টিম গঠন করেন। এছাড়া কারিগরি খাদ্য পরিদর্শক বা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) হিসেবে ইতঃপূর্বে তার কোনো অভিজ্ঞতা ছিলনা তবু তাকে একই সাথে তিন জেলার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) হিসেবে দায়িত্ব পালন করতে হয়েছে। অর্থাৎ তার কার্যক্রমের কারণে জেলা খাদ্য বিভাগ, কুষ্টিয়া তথা খাদ্য বিভাগের ভাবমূর্তি ক্ষুণ্নতো হয়নি বরং একই সাথে তিন জেলার দায়িত্ব পালন করে তিনি খাদ্য বিভাগের ভাবমূর্তি সমুন্নত রেখেছেন।

(ঘ) জনাব মোঃ হাফিজুর রহমান, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুষ্টিয়া তার একমাত্র কন্যার উচ্চ শিক্ষার জন্য অফিস প্রধানের মৌখিক অনুমতি স্বাপেক্ষে রাজশাহী জেলার রেটিনা মেডিকেল কোচিংয়ে ভর্তির জন্য কিছু দিনের জন্য সপরিবারে রাজশাহীতে থাকার কারণে বৃহস্পতিবারে রাজশাহীর উদ্দেশ্যে গমন করে রবিবারে অফিসে আসতেন। প্রতি সপ্তাহে কুষ্টিয়া থেকে রাজশাহীতে আশা-যাওয়ার সময় অনিচ্ছাকৃত দেরি হওয়ার জন্য ব্যাখ্যা তলবের জবাবে ক্ষমা প্রার্থনা করেছিলেন। বর্তমান জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া জনাব মোঃ আল-ওয়াজিউর রহমান এর সাথে টেলিফোনে অভিযুক্ত ব্যক্তির সর্ম্পকে জানতে চাওয়া হলে তিনি জানান যে, আমার কর্মকালীন সময়ে (০৮-০৫-২০২৪খ্রি. হতে অদ্যাবধি) তিনি যথাসময়ে অফিসে আসেন এবং চলমান মৌসুমের ধান ও চাউলের মান যাচাইকরণ, এলএসডি পরিদর্শন, মজুত খাদ্যশস্যের গুণগত মান বজায় রাখার জন্য তার উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুচারুভাবে পালন করছেন। অভিযোগ বিবরণীর অভিযোগসমূহের সাথে উক্ত কর্মকর্তার বর্তমান কার্যক্রমে কোনো মিল পাওয়া যায়না। অর্থাৎ জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া ও প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), কুষ্টিয়া এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় না মর্মে তদন্ত কর্মকর্তা তার মতামত প্রদান করেছেন।

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া ও প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), কুষ্টিয়া এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু, অভিযুক্ত জনাব মোঃ হাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া ও প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), কুষ্টিয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী আনীত বিভাগীয় মামলার সার্বিক বিষয় পর্যালোচনা করে ন্যায়বিচারের স্বার্থে নিম্নোক্ত রায় প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো:

"সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অভিযুক্ত জনাব মোঃ হাফিজুর রহমান এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে এই বিভাগীয় মামলা থেকে অব্যাহতি প্রদান করা হলো।"

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৬৪.২৪.৮৭৬—যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী, খাদ্য পরিদর্শক (মহামান্য উচ্চ আদালতের নির্দেশে সাময়িক বরখাস্ত আদেশের উপর ০৬ মাসের স্থগিতাদেশ প্রাপ্ত), উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, পলাশবাড়ী এলএসডি, পলাশবাড়ী, গাইবান্ধা হিসেবে কর্মকালীন প্রশাসনিক কারণে তাকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট বিভাগ, সিলেট এর অধীন বদলি করা হয় উক্ত বদলি আদেশ মোতাবেক তিনি পলাশবাড়ী এলএসডির দায়িত্বভার হস্তান্তর না করায় জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা কার্যালয়ের ২১-০৫-২০২৪ খ্রি. তারিখের ১৩.০১.৩২০০.০২.২৫.৩৬.১৪.৮১৩ নং স্মারকে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে পলাশবাড়ী এলএসডিতে ১৩১.১৯৫ মেঃ টন চাল, ৬৮.৫৭৩ মেঃ টন গম ও ৩৪৯২৬ খানা ৫০ কেজি ধারণক্ষম খালি বস্তার ঘাটতি পাওয়া যায়; এবং

০২। যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী বিরুদ্ধে পলাশবাড়ি থানায় দায়েরকৃত সাধারণ ডায়েরি (জিডি নং ১৮০, তারিখ: ০৪-০৬-২০২৪) অনুযায়ী ১৩১.১৯৫ মেঃ টন সিদ্ধ চাল, যার মূল্য ৬৮,৮৪,১৮৫ (আটষট্টি লক্ষ চুরাশি হাজার একশত পঁচাশি) টাকা, ৬৮.৫৭৩ মেঃ টন গম, যার মূল্য ২৯,১৬,২৬৪ (উনত্রিশ লক্ষ ষোল হাজার দুইশত চৌষট্টি) টাকা এবং ৫০ কেজি ধারণক্ষম ৩৪,৯২৬ খানা খালি বস্তা, যার মূল্য ৩১,৪৩,৩৪০ (একত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত চল্লিশ) টাকা। সর্ব মোট (৬৮,৮৪,১৮৫+ ২৯,১৬,২৬৪+৩১,৪৩,৩৪০) = ১,২৯,৪৩,৭৮৯ (এক কোটি উনত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত উননব্বই) টাকা অর্থাৎ মোট সরকারি ক্ষতির পরিমাণ ১,২৯,৪৩,৭৮৯ (এক কোটি উনত্রিশ লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত উননব্বই) টাকা। উক্ত সরকারি ক্ষতির দন্ডমূলক দ্বিগুণ হারে ২,৫৮,৮৭,৫৭৮ (দুই কোটি আটান্ন লক্ষ সাতাশি হাজার পাঁচশত আটাত্তর) টাকা তার নিকট থেকে আদায়যোগ্য; এবং

০৩। যেহেতু, উল্লিখিত অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে খাদ্য অধিদপ্তরের তদন্ত ও মামলা শাখার ০৩-০৭-২০২৪ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩৩.২৭.০৬৪.২৪.৫৩৮ নং স্মারকে বিভাগীয় মামলা আনয়ন করা হয়। তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানি প্রদানের ইচ্ছা পোষণ করায় তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। বিভাগীয় মামলার জবাব এবং ব্যক্তিগত শুনানিকালে তার প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলার অভিযোগসমূহ তদন্তের জন্য জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি অনুযায়ী প্রতীয়মান হয় যে, তার দায়িত্বরত অবস্থায় পলাশবাড়ী এলএসডিতে ১৩১.১৯৫ মেঃ টন চাল, ৬৮.৫৭৩ মেঃ টন গম ও ৩৪৯২৬ খানা ৫০ কেজি ধারণক্ষম খালি বস্তা আত্মসাৎ, বদলিকৃত স্থাপনায় যথাসময়ে যোগদান না করার অভিযোগ তদন্ত প্রতিবেদনে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। অভিযোগ প্রমাণিত হওয়ায় **সরকারি ক্ষতির দন্ডমূলক দ্বিগুণ হারে ২,৫৮,৮৭,৫৭৮ (দুই কোটি আটান্ন লক্ষ সাতাশি হাজার পাঁচশত আটাত্তর) টাকা আপনার নিকট হতে আদায়যোগ্য; এবং**

০৫। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ার পরিপ্রেক্ষিতে অভিযুক্তকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত গুরুদন্ড আরোপের বিষয়ে অভিযুক্তকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন; এবং

০৬। যেহেতু, অভিযুক্তের দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্তৃক সংঘটিত সরকারি আর্থিক ক্ষতির দন্ডমূলক দ্বিগুণহারে **২৫৮,৮৭,৫৭৮ (দুই কোটি আটান্ন লক্ষ সাতাশি হাজার পাঁচশত আটাত্তর) টাকা** আদায়সহ **'চাকরি হতে বরখাস্তকরণ'** সূচক গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

০৭। যেহেতু অভিযুক্ত জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নবম গ্রেডের গেজেটেড কর্মকর্তা। তার বিরুদ্ধে গুরুদন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করার জন্য প্রেরণ করা হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ১১-১২-২০২৫ খ্রি. এর ৮০.০০.০০০০.১০১.৩৪.০০৩.২৫-৬২৭ নং স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে **'চাকরি হতে বরখাস্তকরণ'** সূচক গুরুদন্ড আরোপ করা যায় মর্মে পরামর্শ প্রদান করেন;

০৮। সেহেতু, অভিযুক্ত জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী, খাদ্য পরিদর্শক (মহামান্য উচ্চ আদালতের নির্দেশে সাময়িক বরখাস্ত আদেশের উপর ০৬ মাসের স্থগিতাদেশ প্রাপ্ত), উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, পলাশবাড়ী এলএসডি, পলাশবাড়ী, গাইবান্ধা এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দার্শানোর জবাব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় ন্যায়বিচারের স্বার্থে তাকে নিম্নোক্ত দন্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো:

(ক) জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী, খাদ্য পরিদর্শক (মহামান্য উচ্চ আদালতের নির্দেশে সাময়িক বরখাস্ত আদেশের উপর ০৬ মাসের স্থগিতাদেশ প্রাপ্ত), উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, পলাশবাড়ী এলএসডি, পলাশবাড়ী, গাইবান্ধা এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী **'চাকরি হতে বরখাস্তকরণ'** সূচক গুরুদন্ড প্রদান করা হলো; এবং

(খ) জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ছিদ্দিকী, খাদ্য পরিদর্শক (মহামান্য উচ্চ আদালতের নির্দেশে সাময়িক বরখাস্ত আদেশের উপর ০৬ মাসের স্থগিতাদেশ প্রাপ্ত) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, পলাশবাড়ী এলএসডি, পলাশবাড়ী, গাইবান্ধাকে সরকারি আর্থিক ক্ষতির দন্ডমূলক দ্বিগুণহারে ২,৫৮,৮৭,৫৭৮ (দুই কোটি আটান্ন লক্ষ সাতাশি হাজার পাঁচশত আটাত্তর) টাকা এই প্রজ্ঞাপন জারির ০৩ (তিন) মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশনা প্রদান করা হলো। যথাসময় উক্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান না করা হলে সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হলো।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মুঃ জসীম উদ্দিন খান
মহাপরিচালক।

কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৬, ঢাকা।

অফিস আদেশ

তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৬

নং অবমুক্ত আদেশ/কঃঅঃ১৬/২০২৬-২০২৭/১৯১(৯)—কর প্রশাসন-১ শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা'র স্মারক নং-০৮.০১.০০০০. ০০০.০১৯.১৯.০০০১.২১.৫৮২/১ (১৩), তারিখ: ০৯-০৯-২০২৬ খ্রি. মোতাবেক কর অঞ্চল-১৬, ঢাকা এর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত কার্যালয়ে বদলি আদেশের প্রেক্ষিতে অদ্য ২৪-০৯-২০২৬ খ্রি. তারিখ অপরাহ্নে কর্মকর্তাগণকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্তে অত্র কর অঞ্চলের দায়িত্ব হতে অবমুক্ত করা হলো।

১। জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপকর কমিশনার—সার্কেল-৩৫১ (বৈতনিক), কর অঞ্চল-১৬, ঢাকা—কর অঞ্চল-ময়মনসিংহ।

২। জনাব মোঃ সোহেল রানা, উপকর কমিশনার—সার্কেল-৩৩২(কোম্পানীজ), কর অঞ্চল-১৬, ঢাকা—কর অঞ্চল-১৩, ঢাকা।

মোঃ মনিরুজ্জামান
কর কমিশনার।

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ০৫.৪৬.০০০০.০০০.০০৪.১৯.০০২৪.২৪.৭৪৩—জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখার ২২ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৩৯.১৯.০০১১.২৬-৬৩৩ নম্বর প্রজ্ঞাপনে সিলেট বিভাগে ন্যস্তকৃত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

জনাব তানভীর হায়দার (১৮৯৫৬)—উপজেলা নির্বাহী অফিসার হিসেবে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এ ন্যস্ত—উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ, হবিগঞ্জ

২। পদায়নকৃত কর্মকর্তা নিজ অধিক্ষেত্রে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর দায়িত্ব পালন এবং ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৪৪ ধারার ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। সরকারি দাবি আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে বর্ণিত কর্মকর্তাকে নিজ অধিক্ষেত্রে সার্টিফিকেট অফিসার হিসেবে নিয়োগের জন্য কালেক্টরকে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মুজিবুল ইসলাম
সিনিয়র সহকারী কমিশনার।

যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: 07-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17817**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Jessore Trading (Pvt.) Ltd. [KHC-1103] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তারিখ: 16-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17842**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, GROWTECH HEALTHCARE LTD. [KHC-2526] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

MD. ROKIB AHMAD RONY
Deputy Rregistrar
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: 21-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17866**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Baly Foam Industries Ltd. [C-16173] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি, এন/17867**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Baly Food Industries Limited. [C-35502] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি, এন/17868**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, BALY INTEGRATED POWER SOLUTIONS LIMITED. [C-92073] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি, এন/17869**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Baly Spinning Mills Ltd. [C-62549] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

KHURSHIDA JAHAN
Assistant registrar
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তি

তারিখ: 21-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17871**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Al-Ghofily Air Services Ltd. [C-34811] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

MUHAMMAD SELIM MIA
Assistant registrar
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: 22-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17874**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, ADITI FISH CULTURE LIMITED [KHC-2251] নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হল এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায় দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

নং **আরজেএসসি/ডি, এন/17875**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Golden Agrover Ltd. [KHC-2041] নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হল এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

তবে শর্ত থাকে থাকে যে, কোম্পানির কোনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায় দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

MD. ROKIB AHMAD RONY
Deputy Rregistrar
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তিসমূহ

তারিখ: 23-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17878**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, FARAZY HOUSING LTD. [C-76299] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

নং **আরজেএসসি/ডি, এন/17879**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Raymond Gallery Fabrics And Tailors Ltd. [C-159609] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

MD. RAFIQUL ISLAM
Assistant registrar
নিবন্ধকের পক্ষে।

বিজ্ঞপ্তি

তারিখ: 24-SEP-26

নং **আরজেএসসি/ডি, এন/17880**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Cimera Limited [C-141749] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

SHAHEDUL AZAM
Assistant registrar
নিবন্ধকের পক্ষে।

জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
ভূমি অধিগ্রহণ শাখা
এলএ কেস নং-০২/২৩-২৪
ফরম-'ডি'
(৫নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, এলএ কেস নং ০২/২০২৩-২০২৪ এর আওতায় "সাপোর্ট টু জয়দেব-দেবগ্রাম-ভুলতা-মদনপুর সড়ক (ঢাকা বাইপাস) পিপিপি" শীর্ষক প্রকল্পের আওতায় গাজীপুর জেলার সদর উপজেলার তালটিয়া মৌজায় আরএস বিভিন্ন দাগের ০.৩৮৩৪ একর অধিগ্রহণকৃত ভূমি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

তফসিল

জেলা- গাজীপুর, উপজেলা- গাজীপুর সদর, মৌজা- তালটিয়া, জেএল নং- ১০৮

আরএস খতিয়ান নং	আরএস দাগ নং	জমির পরিমাণ (একরে)
৩১১	৩০৩	০.০০৬১
১০৭	৩০৪	০.০৩৪৫
১১০	৩২২	০.০৫১৯
১১০	৩২৩	০.০৬০০
১১০	৩২৪	০.০৫৫৫
৫৩	৩২৭	০.০৬৭৩
৫১	৩২৮	০.০৬১২
৫১	৩৪৮	০.০৪৬৯
	মোট =	**০.৩৮৩৪ একর**

মোঃ সোহেল রানা
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ও এলএ)।

জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।

(ভূমি অধিগ্রহণ শাখা)

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩ (২) ধারা মোতাবেক

এল. এ মামলা নং-১২/২০২৩-২০২৪

অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ২০১৭ এর ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি **"চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার থাক গাছুয়া মৌজার বেরী বাঁধ সংলগ্ন জেটিসহ আনুষঙ্গিক সুবিধাদি নির্মাণ"** শীর্ষক প্রকল্প এর অনুকূলে বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা-চট্টগ্রাম, উপজেলা/থানা-সন্দ্বীপ, মৌজা-থাকগাছুয়া, জে. এল নং-৫৮।

খতিয়ান নং	দাগ নম্বর	রেকর্ডীয় শ্রেণি	বর্তমান শ্রেণি	দাগে মোট জমির (একর)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১	২	৩	৪	৫	৬
১৩, সৃ: ১২৫৫, ১২৫৬	২৪৫২	নাল	নাল	০.৪৫০০	০.১৩০০
১৩, সৃ: ১২৫৫, ১২৫৬	২৪৫৩	নাল	নাল	০.৪০০০	০.২৯০০
৪৮৫	২৪৫৪	নাল	নাল	০.৪৮০০	০.৪৮০০
৪৮৫	২৪৫৬	নাল	নাল	০.৩২০০	০.০৪০০
৪৮৫	২৪৫৭	নাল	নাল	০.৩৩০০	০.৩৩০০
৫০২, সৃ: ১২৩৬, ১২৪৪	২৪৫৮	নাল	নাল	০.৩৫০০	০.৩৫০০
৫০২, সৃ: ১২৩৬,	২৪৫৯	নাল	নাল	০.৪০০০	০.৪০০০
৫০২, সৃ: ১২৩৬,	২৪৬০	নাল	নাল	০.৮৮০০	০.৮৮০০
৫৭৯, সৃ: ১২২৫, ১২৫১	২৪৬১	নাল	নাল	০.৫৬০০	০.৩৮০০
৫৭৯, সৃ: ১২২৫, ১২৫১	২৪৬২	নাল	নাল	০.৫৯০০	০.৫১০০
৫৭৯, সৃ: ১২২৫, ২৫-১৩২৪	২৪৬৩	নাল	নাল	০.৪৮০০	০.৪৮০০
৪২৪, সৃ: ১২৩৬	২৪৬৪	নাল	নাল	০.৭৬০০	০.৭৬০০
৪২৪, সৃ: ৭০৮, ১২৫৫, ১২৫৬	২৪৬৫	নাল	নাল	০.৪১০০	০.৪১০০
৪২৪, সৃ: ৭০৮, ১২৫৫, ১২৫৬, ২৫-১৩৩৯	২৪৬৬	নাল	নাল	০.৩৮০০	০.৩৮০০
৩২৬	২৪৬৭	নাল	নাল	০.০৬০০	০.০৬০০
৬০৫	২৪৬৮	নাল	নাল	০.০৮০০	০.০৮০০
৫৪৯, সৃ: ৭০৮, ৮৪৮	২৪৬৯	নাল	নাল	০.১৬০০	০.১৬০০
৬০৫, সৃ: ৭০৮, ৮৪৮	২৪৭০	নাল	নাল	০.২৫০০	০.২২৫০
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮, ১২৫৫, ১২৫৬, ২৫-১৩৩৯	২৪৭১	নাল	নাল	০.১৩০০	০.১৩০০
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮, ১২৫৫, ২৫-১৩৩৯	২৪৭২	নাল	নাল	০.১২০০	০.১২০০
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮, ১২৫৫, ১২৫৬	২৪৭৩	নাল	নাল	০.২৫০০	০.২৫০০

খতিয়ান নং	দাগ নম্বর	রেকর্ডীয় শ্রেণি	বর্তমান শ্রেণি	দাগে মোট জমির (একর)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১	২	৩	৪	৫	৬
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮	২৪৭৪	নাল	নাল	০.২৪০০	০.২৪০০
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮	২৪৭৫	নাল	নাল	০.৩০০০	০.৩০০০
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮, ১২৫৫, ১২৫৬,	২৪৭৬	নাল	নাল	০.২৭০০	০.২৭০০
৪২৪, সৃ: ৭০৮, ৮৪৮, ২০২৫-১০০০০৪	২৪৭৭	নাল	নাল	০.১৩০০	০.১৩০০
৪২৪, সৃ: ৭০৮, ১২৫৫, ২৫-১৩৩৯	২৪৭৮	নাল	নাল ভিটি	০.০৯০০	০.০৯০০ ০.০৩০০
২৮৮, সৃ: ১২৫৪	২৪৭৯	নাল	নাল	০.২৫০০	০.২৫০০
২৮৮, সৃ: ১২৫৪	২৪৮০	নাল	নাল	০.২৫০০	০.২৫০০
৩৫৫	২৪৮১	নাল	নাল	০.০৮০০	০.০৮০০
১১৩	২৪৮২	নাল	নাল	০.০৩০০	০.০৩০০
৩৫৫	২৪৮৩	নাল	নাল	০.০২০০	০.০২০০
২৮৮, সৃ: ১২৫৪	২৪৮৪	নাল	নাল	০.০২০০	০.০২০০
১১৩	২৪৮৫	নাল	নাল	০.০৮০০	০.০৮০০
২৮৮, সৃ: ১২৫৪	২৪৮৬	নাল	নাল	০.০৬০০	০.০৬০০
৫৯৯	২৪৮৭	নাল	নাল	০.০৫০০	০.০৫০০
৫৯৮	২৪৮৮	নাল	নাল	০.০৫০০	০.০৫০০
৩৫৫	২৪৮৯	নাল	নাল	০.০৭০০	০.০৭০০
৩৬১, সৃ: ৭৮৭	২৪৯০	নাল	নাল	০.২৩০০	০.২৩০০
২৮৯, সৃ: ১২৫৪	২৪৯১	নাল	নাল	০.১৮০০	০.১৮০০
৩৪৮	২৪৯২	নাল	নাল	০.৪৪০০	০.৪৪০০
৫৯৯, সৃ: ১১৪১	২৪৯৩	নাল	নাল	০.২০০০	০.২০০০
৫৯৮, সৃ: ১২৫৯	২৪৯৪	নাল	নাল	০.২৩০০	০.২৩০০
১৪	২৪৯৫	নাল	নাল	০.২৪০০	০.২৪০০
৩৬১, সৃ: ৮১৪	২৪৯৬	নাল	নাল	০.১৭০০	০.১৭০০
১৪, সৃ: ১৪/১	২৪৯৭	নাল	নাল	০.৫৭০০	০.১৫০০
৩৬১, সৃ: ৮১৪, ৭৮৭	২৪৯৮	নাল	নাল	০.৩৮০০	০.৩৮০০
৫৯৮, সৃ: ১২৫৯	২৪৯৯	নাল	নাল	০.২৫০০	০.২৫০০
৫৯৯, সৃ: ১২৫৮	২৫০০	নাল	নাল	০.২৬০০	০.২৬০০
৫৯৯, সৃ: ১২৫৮	২৫০১	নাল	নাল	০.১৭০০	০.১৭০০
৫৯৮, সৃ: ১২৫৯	২৫০২	নাল	নাল	০.১৯০০	০.১৯০০
৩৬১	২৫০৩	নাল	নাল	০.১৪০০	০.১৪০০
৩৬১, সৃ: ১২৬৭	২৫০৮	নাল	নাল	০.৩৬০০	০.২৬৭৫
১১৩	২৫১৪	নাল	নাল	০.২১০০	০.১৫০০
২৮৮, সৃ: ৮৪০, ১২৩৭	২৫১৫	নাল	নাল	০.১৮০০	০.১১০০
২৮৮, সৃ: ১২৩৭	২৫২৫	নাল	নাল	০.২২০০	০.০৮০০
২৮৮, সৃ: ৮৪০, ১২৩৭	২৫২৬	নাল	নাল	০.২৮০০	০.১৭০০
৩৫৫	২৫২৮	নাল	নাল	০.০৭০০	০. ০৭০০.

খতিয়ান নং	দাগ নম্বর	রেকর্ডীয় শ্রেণি	বর্তমান শ্রেণি	দাগে মোট জমির (একর)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১	২	৩	৪	৫	৬
৩৫৫	২৫২৯	নাল	নাল	০.২১০০	০.০৪৫০
৩৫৫	২৫৩২	নাল	নাল	০.২১০০	০.০৭০০
৩৫৫	২৫৩৩	নাল	নাল	০.২১০০	০.০৮০০
৫৯৮, সৃ: ১২৫৯	২৫৩৪	নাল	নাল	০.২০০০	০.০৫০০
৫৯৯	২৫৩৫	নাল	নাল	০.১৯০০	০.০৮০০
১১৩	২৫৪০	নাল	নাল	০.১৫০০	০.১৫০০
৫৯৯	২৫৪১	নাল	নাল	০.০৭০০	০.০৫০০
৫৯৯	২৫৪২	নাল	নাল	০.০৬০০	০.০৪০০
৫৯৯	২৫৪৮	নাল	নাল	০.০৮০০	০.০৪০০
১১৩	২৫৪৯	নাল	নাল	০.১৬০০	০.১৪০০
-	-	সর্বমোট=	-	-	১৩.৬৫৭৫ একর

সন্দ্বীপ উপজেলাধীন ৫৮নং থাকগাছুয়া মৌজায় অধিগ্রহণকৃত সর্বমোট জমির পরিমাণ=১৩.৬৫৭৫ একর।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা প্রশাসক।

এল.এ মামলা নং- ৫৭/১৯৯০-১৯৯১
ফরম-ঘ
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা
[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ ইং সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু,এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারা (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্তি হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা: চট্টগ্রাম, থানা: পাঁচলাইশ, মৌজা: মুরাদপুর, জে.এল নং-০৪,

আর.এস. খতিয়ান নং	আর.এস. দাগ নং	অংশ	হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর)
৫০৯	৪৬৬	আংশিক	০.০১
২৭৩,২৭৪	৪৬৮	আংশিক	০.০১
৩০৫	৪৬৯	আংশিক	০.০০৭৫
১২০	৪৮৮	আংশিক	০.০২
৫১২	৫০৯	আংশিক	০.০৩
৯৪	৫১০	আংশিক	০.০১
৯৬	৫১১	আংশিক	০.০১৭৫
২৮	৫১৮	আংশিক	০.০৪
২৮৭	৫২৩	আংশিক	০.০৮
৯৫	৫০৮/৬২৬	আংশিক	০.০০২৫
-	৬৮৫	আংশিক	০.০০২৫
		মোট জমির পরিমাণ=	**০.২৩ একর**

চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানার "মুরাদপুর"মৌজায় সর্বমোট জমির পরিমাণ = ০.২৩ একর ।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা প্রশাসক।

এল.এ.মামলা নং- ৩১/১৯৮৯-১৯৯০
ফরম-ঘ
(৫ নং বিধি দ্রষ্টব্য)
ঘোষণা

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ ইং সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু,এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারা (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্তি হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা: চট্টগ্রাম, থানা: পাঁচলাইশ, মৌজা: পশ্চিম ষোলশহর, জে.এল নং-০৬

আর.এস. খতিয়ান নং	আর.এস. দাগ নং	অংশ	হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর)
৯৬	২৪০৮	আংশিক	০.০৪৭৫
১১১৪	২৪১১	পূর্ণ	০.০৫
১১১৪	২৪১২	আংশিক	০.০৬
১১১৪	২৪১৩	আংশিক	০.০০৭৫
২৩৭	২৪১৪	আংশিক	০.০২৫
২৩৭	২৪৩৬	আংশিক	০.০৩২৫
২৩৮	২৪৩৭	আংশিক	০.০১৭৫
২৪০	২৪৩৮	আংশিক	০.০৭২৫
১২৮৪/১	২৪৪৩	আংশিক	০.০০৭
১২৮৪/১	২৪৪৪	আংশিক	০.০০৬
১২৮৪/১	২৪৪৫	আংশিক	০.০০৭৫
১৫৩০/১	২৪৪৬	আংশিক	০.০০৫
৯৮৩	২৪৪৭	আংশিক	০.০১২৫
২৮৭	২৪৪২	আংশিক	০.০১২৫
২৮৮/২	২৪৪৮	আংশিক	০.০৩৭৫
২৮৮	২৪৪৯	আংশিক	০.০১৭৫
২৮৮/২	২৪৫০	আংশিক	০.০১২৫
২৪৮, ২৫২, ২৬১	২৪৫১	আংশিক	০.০৩৫
৩৬৬	২৪৫২	আংশিক	০.০০৮
৩৭৭	২৪৫৩	আংশিক	০.০০৭৫
২৪৭	২৪৫৪	আংশিক	০.০১
১৩৪৩	২৪৫৫	আংশিক	০.০০২৫
২৫৬	২৪৫৬	আংশিক	০.০১৫
২৭২	২৯১৪	আংশিক	০.০০২৫
২৪৭	২৯১৫	আংশিক	০.০০৫
৯৮৩	২৯১৬	আংশিক	০.০০৬৫
১০৩৩	২৯১৭	আংশিক	০.০৮
১১০৯	৪২১৩	আংশিক	০.০১
১১২০	৪২১৬	আংশিক	০.০২২৫
৯৮৩	৪২২৯	আংশিক	০.০০৭৫
১২৯২	৪২৩০	আংশিক	০.০০১
৬৬৪	৪২৩১	আংশিক	০.০০৭৫
৬৬৩	৪২৩৩	আংশিক	০.০১৩৫
৬৬৩	৪২৩৪	আংশিক	০.০১
৬৬১	৪২৩৫	আংশিক	০.০১২৫
৬৬১	৪২৪০	আংশিক	০.০১৫
৬৫৯	৪৮১৫	আংশিক	০.০৪৭৫
৬৫৮	৪৮১৬	আংশিক	০.০১৭৫
৬৫৫	৪৮১৭	আংশিক	০.০২৫
১১০৯	৪২১২	আংশিক	০.০১৩
-	২৩৯৩	আংশিক	০.০০৫
-	২৩৯৪	আংশিক	০.০২
মোট জমির পরিমাণ =			**০.৮৩ একর**

জেলা: চট্টগ্রাম, থানা: চান্দগাঁও, মৌজা: চানগাঁও, জে.এল নং-০৬

আর.এস. খতিয়ান নং	আর.এস. দাগ নং	অংশ	হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর)
-	১২৬৮৯	আংশিক	০.০৩৭৫
৪৫৮৬	১২০০২	আংশিক	০.০৭৫
৪৫৮৭	১২০১৫	আংশিক	০.০০৭৫
১১৩১	১২০১৬	আংশিক	০.০১৬৫
১১২৭	১২০১৭	আংশিক	০.০১৭৫
৪৪৪৩	১২০১৮	আংশিক	০.০০৭৫
৬৭৬	১২০১৯	আংশিক	০.০২২৫
৪৪৪২	১২১২৩	আংশিক	০.০০২৫
১১২৪, ১১৩০	১২১২৪	আংশিক	০.০১৭৫
১১২৪	১২১২৮	আংশিক	০.০০৫
৪৪৭৭	১২১৩২	আংশিক	০.০১২৫
৫৩৬৪	১২১৩৩	আংশিক	০.০২
৪২০২	১২১৩৪	আংশিক	০.০২৬৫
৪২০২	১২১৩৫	আংশিক	০.০০২৫
৫৩৬৪	১২১৮১	আংশিক	০.০৪
৫৩৬৪	১২১৮২	আংশিক	০.০১২৫
৫৩৬৪	১২১৮৩	আংশিক	০.০১
৫২১৭	১২১৮৪	আংশিক	০.০০৬
৫২১৭	১২১৮৭	আংশিক	০.০১৬৫
৫২১৮	১২১৮৮	আংশিক	০.০১৪০

আর.এস. খতিয়ান নং	আর.এস. দাগ নং	অংশ	হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর)
৪৪৮৫	১২১৮৯	আংশিক	০.০৩৫
৫২৯৪	১২২৪৪	আংশিক	০.০০১
৫৩২১	১২২৪৬	আংশিক	০.০২২৫
৫২৯৬	১২২৪৭	আংশিক	০.০০৭
৫২৯৬	১২২৪৮	আংশিক	০.০০৭৫
২৬০৩	১২২৬৫	আংশিক	০.০০২
৫২৯৬	১২২৬৬	আংশিক	০.০২৭৫
৪০০৩	১২২৭২	আংশিক	০.০৮৫
৬১৯০	৮৫৬২	আংশিক	০.০১২৫
৬১৯০	৮৫৬৩	আংশিক	০.০১০৫
৫৯৮৬	৮৭৪৩	আংশিক	০.০১৭৫
৪৪৭৭	৮৭৪৪	আংশিক	০.০০৩৫
৪৫৮৯	৮৭৪৫	আংশিক	০.০১২৫
১৫৯৫	৮৭৪৭	আংশিক	০.০১৩
১৫৯৫	৮৭৪৮	আংশিক	০.০১৭
১৫৯৫	৮৭৪৯	আংশিক	০.০১৬৫
১৫৯৫	৮৭৬৮	আংশিক	০.০৮২৫
৪৫৮৬	৮৭৭০	আংশিক	০.০০৫
৪৫৮৬	৮৭৭১	আংশিক	০.০১৬০
৭৫৪	৮৭৭২	আংশিক	০.০০৬৫
		মোট জমির পরিমাণ =	**০.৭৭ একর**

চট্টগ্রাম জেলার পাঁচলাইশ ও চান্দগাঁও থানার "পশ্চিম ষোলশহর ও চান্দগাঁও" মৌজায় সর্বমোট জমির পরিমাণ = ০.৮৩+০.৭৭=১.৬০ একর।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা প্রশাসক।

এল.এ. মামলা নং-৫৪/১৯৯০-১৯৯১

ফরম-ঘ

(৫ নং বিধি দ্রষ্টব্য)

ঘোষণা

[১১ (২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ ইং সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু,এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারা (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা: চট্টগ্রাম, থানা: পাঁচলাইশ, মৌজা: খুলশী, জে.এল নং-০২

আর.এস. খতিয়ান নং	আর.এস. দাগ নং	অংশ	হুকুমদখলকৃত জমির পরিমাণ (একর)
১২৮	১২২	আংশিক	০.০২৫
৪৭	১২৩	আংশিক	০.০০৭৫
২৫৩	১৬৬	আংশিক	০.০২৫
১২৯	১২১/৭৪৭	আংশিক	০.০০৭৫
১২৮	১২১/৭৫৮	আংশিক	০.০১৭৫
		মোট জমির পরিমাণ =	**০.০৮ একর**

চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানার "খুলশী"মৌজায় সর্বমোট জমির পরিমাণ = ০.০৮২৫ একর।

মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।

ভূমি অধিগ্রহণ শাখা

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর অধীন

এল. এ কেস নং-০১/২০২৫-২০২৬

অধিগ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

যেহেতু, সরকার নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

যেহেতু, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১১ ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ পরিশোধ বলিয়া গণ্য হইয়াছে;

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ধারা ১৩ (২) অনুযায়ী ঘোষণা করা যাইতেছে যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা: নওগাঁ, উপজেলা: নওগাঁ সদর, মৌজা: পার-নওগাঁ, জেএল: ১৮৩

খতিয়ান নম্বর (আরএস)	দাগ নং (আরএস)	রেকর্ডীয় শ্রেণি	বর্তমান শ্রেণি	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১৫০	১৮৭৮	বাড়ি	বাড়ি	০.০২৮১	০.০২৮১
১৫০	১৮৭৯	দোকান	দোকান	০.০৭৫০	০.০৭৫০

মোট খতিয়ান সংখ্যা ০১ টি, মোট দাগের সংখ্যা ০২ টি, অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ = ০.১০৩১ একর

বিঃদ্রঃ বিস্তারিত দাগসূচি ও ভূমি নকশা এই কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখার সংশ্লিষ্ট নথির সহিত সংরক্ষিত রহিয়াছে।

মোহাম্মদ সাইফুল ইসলাম
জেলা প্রশাসক।

জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
এলএ শাখা
এল. এ কেস নং-০১/২০২৩-২০২৪
জমি অধিগ্রহণ সংক্রান্ত ঘোষণা
[১৩(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ নং ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর সম্পূর্ণরূপে অর্পিত হইল।

তফসিল

জেলা: লালমনিরহাট, উপজেলা: পাটগ্রাম, মৌজা: বুড়িমারী, জে. এল নং: ০৫

খতিয়ান নম্বর (আরএস)	দাগ নং (আরএস)	দাগে মোট জমির পরিমাণ (একর)	রেকর্ডীয় শ্রেণি (আরএস)	বাস্তব শ্রেণি	অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর)
১০১২	২৫০৪	০.০৯	ছনখোলা	ছনখোলা	০.০৯
৮৮০	২৫০৫	০.২৩	ছনখোলা	ছনখোলা	০.২৩
৭৬২	২৫০৬	০.৩৫	ডাঙ্গা	ডাঙ্গা	০.৩৫
৭৬২	২৫০৯	০.৮১	ডাঙ্গা	ডাঙ্গা	০.৮১
১৭৪	২৫১০	১.৩৩	ডাঙ্গা	ডাঙ্গা	০.৪৯৫০
				বাড়ি	০.৮৩৫০
৯১৪	২৫১২	০.০৮	ডাঙ্গা	বাড়ি	০.০৮
				অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ =	**২.৮৯ একর**

জি, আর, সারোয়ার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
ভূমি অধিগ্রহণ শাখা
স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২
এর ১১(২) ধারার অধীনে

ভূমি অধিগ্রহণ মামলা নং $\frac{৩৩/১৯৮২-১৯৮৩}{২১/১৯৮৩-১৯৮৪}$ (সা.)

ঘোষণাপত্র

[১১(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, 'বাওর মৎস্য উন্নয়ন' প্রকল্পের জন্য নিম্ন তপশিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ (অধ্যাদেশ নং ২, ১৯৮২) এর ১০ ধারা অনুসারে তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সেহেতু, উক্ত অধ্যাদেশের ১১(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হলো এবং তা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

তপশিল

জেলা: ঝিনাইদহ, উপজেলা: মহেশপুর, মৌজা: নিমতলা ফতেপুর, জে.এল নং: ১০৫

এসএ খতিয়ান নং	এসএ দাগ নং	জমির পরিমাণ (একরে)
৫২১	১৩৬৫	০.৩৯
২৪০	১৩৭৮	০.৩৮
২৯২, ২৯৩	১৩৭৯	০.৬৮
৭৫৬	১৩৮০	০.৬৮
৭৪৬	১৩৮১	০.৫৩
১৭৩	১৩৮২	০.৮৩
১০৬	১৩৮৩	০.৫৭
৯৬	১৩৮৪	০.৪৫
৭৫১	১৩৮৫	০.৫৫
১১৩৫	১৩৮৬	০.২৬
১১৩৫	১৩৮৭	০.২৫
৫১২	১৩৮৮	০.৪৪
১০৬৯	১৩৮৯	০.৬৮
১০১২, ১০১৩, ১০১৪, ১০১৫	১৩৯০	১.২২
১০৯৯	১৩৯১	০.২৩
২৫৯, ২৬০	১৩৯২	০.১৯
১১৩৭	১৩৯৭	০.১৩
৪৮৫, ৪৮৬	২০৭০	০.৬৭
	সর্বমোট =	**৯.১৩ একর**

মোঃ নোমান হোসেন
জেলা প্রশাসক।

স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭
এর ১৩(২) ধারার অধীনে
ভূমি অধিগ্রহণ মামলা নং-০৩/২০২৪-২০২৫ (সা.)

ঘোষণাপত্র

[১৩(২) ধারা মোতাবেক]

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, "মহেশপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" প্রকল্প এর জন্য নিম্ন-তপশিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১১ ধারা মোতাবেক তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে বা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সেহেতু, উক্ত আইনের ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হল এবং তা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

তপশিল

জেলা: ঝিনাইদহ, উপজেলা: মহেশপুর, মৌজা: হামিদপুর, জে.এল নং: ১০৫

খতিয়ান নং (আর.এস)	দাগ নং (আর.এস)	জমির পরিমাণ (একর)
১৬৯৬	৬০৯৬	০.৭৫
১১৯৭, ১৬৯৬, ২২২৯, ২২৩০, ২২৩১, ২২৩২	৬০৯৭	০.৭৫
	মোট =	**১.৫০ একর**

মোঃ নোমান হোসেন
জেলা প্রশাসক।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কমলগঞ্জ, মৌলভীবাজার

বিজ্ঞপ্তি

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩/১৬ সেপ্টেম্বর ২০২৬

নং ০৫.৪৬.৫৮৫৬.০০০.০০২.০৬.০০৩৪.২৬-১০৮৭(১০)—যেহেতু, মৌলভীবাজার জেলাধীন কমলগঞ্জ উপজেলার ০৯ নং ইসলামপুর ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান মোঃ সুলেমান মিয়া, পিতা: মৃত ফুরকান উল্লা, গ্রাম: শ্রীপুর, ডাকঘর: ইসলামপুর-৩২২২, উপজেলা: কমলগঞ্জ, জেলা: মৌলভীবাজার; বিগত ২১-০৫-২০২৬ তারিখে মৃত্যুবরণ করেছেন। এ বিষয়ে ০৯ নং ইসলামপুর ইউনিয়ন পরিষদ, কমলগঞ্জ-এর স্মারক নম্বর ২০২৬-২০২৭/২৪৬/২৬, তারিখ: ০৪-০৮-২০২৬ খ্রি. মূলে নিম্নস্বাক্ষরকারী-কে অবহিত করা হয় এবং গত ০৬-০৯-২০২৬ তারিখে মৃত্যুসনদসহ মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১)(ঙ) এবং ৩৫(২) বিধির প্রদত্ত ক্ষমতাবলে আমি নিম্ন স্বাক্ষরকারী সন্দীপ তালুকদার, উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার এতদ্দ্বারা মৌলভীবাজার জেলাধীন কমলগঞ্জ উপজেলার ০৯ নং ইসলামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের পদটি শূন্য ঘোষণা করলাম।

সন্দীপ তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার।

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর ২০২৬খ্রিষ্টাব্দ

নং **০৪.০১.০০০০.১০৪.১৫.০০৪.১৭(অংশ-১).৩৮৬৫৯**—যেহেতু, জনাব এম. এম. শাব্বির হাসান, উপপরিচালক (সাময়িক বরখাস্ত) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, চট্টগ্রাম-১ এর বিরুদ্ধে ডবলমুরিং (চট্টগ্রাম) মডেল থানা মামলা নং-২৫, তারিখ: ২৪-০১-২০১১ খ্রি. রুজু করা হয় এবং উক্ত মামলায় তিনি র‍্যাব কর্তৃক গ্রেফতার হন ও বিজ্ঞ আদালতের আদেশে তাকে কারাগারে প্রেরণ করা হয়; এবং

২। যেহেতু, দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪৩(৪) বিধি অনুযায়ী গ্রেফতারের তারিখ অর্থাৎ ২৪-০১-২০১১ তারিখ থেকে কমিশনের স্মারক নং-দুদক/২৭-৯৬ (অংশ-১)/সংস্থাপন/ ১৮১৭, তারিখ: ২৬-০১-২০১১ খ্রি. মূলে তাকে "চাকুরি থেকে সাময়িক বরখাস্ত" করা হয় এবং পরবর্তীতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৩/২০১১ রুজু করা হয়; এবং

৩। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় গত ২৮-০২-২০১৩ তারিখে অনুষ্ঠিত কমিশনের ০১/২০১৩ নম্বর সভায় তাকে "চাকুরি হইতে বরখাস্ত" দন্ড প্রদান এবং উক্ত দন্ড তার বিরুদ্ধে রুজুকৃত ফৌজদারি মামলা নিষ্পত্তির পর কার্যকর হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৪। যেহেতু, বিজ্ঞ বিভাগীয় বিশেষ আদালত, চট্টগ্রাম কর্তৃক উল্লিখিত ডবলমুরিং (চট্টগ্রাম) মডেল থানা মামলা নং-২৫, তারিখ: ২৪-০১-২০১১ (বিশেষ মামলা নং-৩২/২০১৬) মামলার বিচার কার্যক্রম সম্পন্ন করে গত ২১-০৫-২০২৬ তারিখে আদেশ নং-৬৪ মূলে জনাব এম. এম. শাব্বির হাসান, উপপরিচালক (সাময়িক বরখাস্ত)-কে অভিযোগের দায় হতে বেকসুর খালাস প্রদানের আদেশ দিয়ে রায় ঘোষণা করা হয়; এবং

৫। যেহেতু, জনাব এম. এম. শাব্বির হাসান, উপপরিচালক (সাময়িক বরখাস্ত)-কে বর্ণিত ফৌজদারি মামলার দায় হতে বেকসুর খালাস প্রদানের আদেশ-এর বিরুদ্ধে কমিশন কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে আপীল দায়ের না করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৬। যেহেতু, গত ১৬-০৯-২০২৬ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১০/২০২৬ নম্বর সভায় বিজ্ঞ আদালতের রায় এবং কমিশন কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে আপীল দায়ের না করার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় জনাব এম. এম. শাব্বির হাসান, উপপরিচালক (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদানপূর্বক দুর্নীতি দমন কমিশনের চাকরিতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়;

৭। সেহেতু, জনাব এম. এম. শাব্বির হাসান, উপপরিচালক (সাময়িক বরখাস্ত) এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক বিভাগীয় মামলা নং ০৩/২০১১ এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে তাকে দুর্নীতি দমন কমিশনের চাকরিতে পুনর্বহাল করা হলো। তার সাময়িক বরখাস্তকালের সময় কর্মকাল হিসেবে গণ্য হবে।

৮। এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

বিচারপতি এ.কে.এম. আসাদুজ্জামান
চেয়ারম্যান।

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়
(অডিট ও আইন শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ আশ্বিন ১৪৩৩ /২৮ সেপ্টেম্বর ২০২৬

নং **৩৫.০৩.০০০০.০০৫.১৬২এ/১৩(অংশ-২)/২০১২-৯৪৭**—সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ২১-০৯-২০২৬ তারিখের ৩৫.০০.০০০০. ০২০.০০৬.০৩৮.২১(অংশ-১)-৫৩৫ নং স্মারকের নির্দেশনা এবং সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ২৭ ধারা ও সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর ৫৯ বিধির প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে যাত্রী ও পণ্য পরিবহন কমিটির গঠন আংশিক সংশোধনক্রমে পুনর্গঠন করা হলো:

(ক) ঢাকা মেট্রো যাত্রী ও পণ্য পরিবহন কমিটি:

চেয়ারম্যান

০১. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

ভাইস চেয়ারম্যান

০২. অতিরিক্ত নির্বাহী পরিচালক, ডিটিসিএ।

সদস্যবৃন্দ

০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা এর প্রতিনিধি।

০৪. অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা।

০৫. যুগ্ম পুলিশ কমিশনার, ট্রাফিক উত্তর/ট্রাফিক দক্ষিণ, ডিএমপি, ঢাকা।

০৬. উপসচিব, বিআরটিএ সংস্থাপন শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

০৭. পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

০৮. পরিচালক (রোড সেফটি), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।

০৯. ডিসি ট্রাফিক, ডিএমপি (সকল)।

১০. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি।

১১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি।

১২. বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর বিভাগের একজন প্রতিনিধি।

১৩. ঢাকা চেম্বার (ডিসিসিআই) এর একজন প্রতিনিধি।

১৪. উপপরিচালক (ইঞ্জিঃ), ঢাকা মেট্রো সার্কেল ১, ২, ৩ ও ৪।

১৫. বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির টিও লাইসেন্স প্রাপ্ত (একজন যাত্রীবাহী ও একজন পণ্যবাহী) দুইজন প্রতিনিধি।

১৬. বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক সংগঠনের বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর অধীন রেজিস্ট্রেশনকৃত (একজন যাত্রীবাহী ও একজন পণ্যবাহী) দুইজন প্রতিনিধি।

১৭. সুশীল সমাজ/নাগরিক সমাজের দুইজন প্রতিনিধি।

১৮. নারী সমাজের একজন প্রতিনিধি।

